



ময়মনসিংহে : বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সংকল্পনে গভর্নর শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুস হক মিলনে ক্রেস্ট উপহার প্রদান করা হয়

## দেশের বিপুল জনগোষ্ঠীকে মানবসম্পদে পরিণত করাই শিক্ষকদের প্রধান দায়িত্ব

ময়মনসিংহে শিক্ষক সম্মেলনে শিক্ষা প্রতিমন্ত্রী মিলন

ময়মনসিংহে যুরো শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুস হক মিলন শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, এ দেশের বিশাল জনগোষ্ঠীকে মানবসম্পদে পরিণত করাই হবে আপনাদের প্রধান দায়িত্ব। তিনি বলেন, বর্তমান সরকার শিক্ষার সার্বিক উন্নয়নে প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমান সরকারের আমলে বিসিএস ক্যাডারে ৩ হাজার ৫০০ শিক্ষক নিয়োগদান সম্পন্ন করেছে। আরও ১ হাজার নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। এ সরকার হাজারো শিক্ষকদের প্রমোশনের ব্যবস্থা করেছে বিপত আওয়ামী লীগ সরকার তা করেনি। বুধবার বিকালে আনখমোহন কলেজ মিলনায়তনে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক সম্মেলন এবং ২৪তম বিসিএস-শিক্ষা ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ময়মনসিংহ জেলার সরকারি কলেজগুলোর নবাবত সভাপতিদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্য রাখতে গিয়ে শিক্ষা প্রতিমন্ত্রী এছানুস হক মিলন এ কথা বলেন। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, আগামী প্রজন্মের সুন্দর ভবিষ্যৎ গড়ার পক্ষে শিক্ষকদের হাতে হবে সহনশীল। প্রয়োজনে গাছতলায়ও পাঠদানের ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, কম্পিউটারের মাধ্যমে যোগ্যতা যাচাই করে শিক্ষকদের পদোন্নতির ব্যবস্থা করা হবে। বনশি ও যোগ্যতার ভিত্তিতে হবে। আনখমোহন কলেজের উপাধ্যাক প্রফেসর আনিসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জাতীয় সংসদ সদস্য দেওয়ান হোসেন বান দুলু, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.

আফতার আহমাদ, আনখমোহন কলেজের অধ্যাক প্রফেসর তপস্বীম উদ্দিন। আরও বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ গাফ আলম ককশী, পুলিশ সুপার আবদুল্লাহেল হকী, বিসিএস সাধারণ শিক্ষা সর্মিত কেন্দ্রীয় নেতা-এসএম শফিকুল-ইসলাম, শহীদ উল্লাহ, নূরুল আচসার, মাসুম রুক্বানী, সৈয়দ হন্দকার, অধ্যাক প্রফেসর রঞ্জিতা বেগম, অধ্যাক প্রফেসর দেওয়ান বেগম, ময়মনসিংহ অঞ্চলের সাধারণ সম্পাদক মোঃ এবাদুল হক কুইয়া, আমির হোসেন, আবদুল মোতাসেম, জাকির হোসেন, শরীফুল করীম, মোস্তাফিজুর রহমান, মাহবুবুল হক, রওশন আরা মশহুনা, কামাল হোসেন প্রমুখ। শিক্ষা প্রতিমন্ত্রী বিকালে আনখমোহন ক্যাম্পাসে এসে পৌছলে তাকে বিপুলভাবে সংবর্ধিত করা হয়। তিনি কলেজ ক্যাম্পাসে একটি ফুল বুকের চরণ রোপণ করেন। প্রতিমন্ত্রীকে বিসিএস শিক্ষক সর্মিত ও আনখমোহন কলেজ ইউনিট এবং বিভিন্ন কলেজের পক্ষে ক্রেস্ট উপহার দেয়া হয়।